

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
আমাই ভবন (৬ষ্ঠ তলা)
১/ক, শহিদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.bncu.gov.bd

ইউনেস্কো পার্টিসিপেশন প্রোগ্রাম ২০২৬-২০২৭ এর অধীন প্রকল্প প্রস্তাব দাখিলের শর্তাবলী

- ০১। প্রকল্প প্রস্তাব প্রণয়নের জন্য ইউনেস্কো থেকে প্রেরিত নির্ধারিত ফরম ও নিয়মাবলী বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের ওয়েবসাইট (www.bncu.gov.bd) থেকে ডাউনলোড করে পূরণ করে জমা দিতে হবে। হার্ড কপি হিসেবে প্রকল্প প্রস্তাবের ০৫ (পাঁচ) কপি এবং সফট কপি (পেনড্রাইভ/ইমেইল যোগে) বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনে (আমাই ভবন (৬ষ্ঠ তলা), ১/ক, শহিদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, সেগুনবাগিচা, ঢাকা-১০০০) ০৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ বিকেল ৪ টার মধ্যে পৌঁছাতে হবে।
- ০২। ইউনেস্কো কর্তৃক প্রণীত নীতিমালা মোতাবেক নির্বাচিত প্রকল্পসমূহের বিবরণ ও তথ্যাদি বিএনসিইউ কর্তৃক অনলাইনে প্রেরণ করতে হবে বিধায় আবশ্যিকভাবে সকল প্রকল্প প্রস্তাবের সফট কপি natcombd@bncu.gov.bd (cc:natcombd@gmail.com) ঠিকানায় পিডিএফ এবং ওয়ার্ড ফরম্যাটে প্রেরণ করতে হবে।
- ০৩। অসম্পূর্ণ, বাঁধাই ছাড়া (হার্ড কপির ক্ষেত্রে) এবং ইউনেস্কো পার্টিসিপেশন প্রোগ্রাম ২০২৬-২০২৭ এর নির্দিষ্ট ফরম অনুসরণ করা হয়নি এমন কোন প্রকল্প প্রস্তাব বাছাইয়ের জন্য বিবেচিত হবে না।
- ০৪। প্রস্তাবিত প্রকল্পসমূহ ইউনেস্কোর (১) শিক্ষা, (২) বিজ্ঞান, (৩) সংস্কৃতি, (৪) সামাজিক ও মানবিক বিজ্ঞান (৫) যোগাযোগ ও তথ্য প্রযুক্তি (৬) সমুদ্র বিজ্ঞান ও (৭) পরিসংখ্যান- এর যে কোনো একটি অধিক্ষেত্রের অন্তর্ভুক্ত হতে হবে। বেসরকারি প্রতিষ্ঠান/সংস্থা/সংঘ/এনজিওসমূহকে অবশ্যই সরকারের ক্ষমতাপ্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক নিবন্ধিত হতে হবে। নিবন্ধন সনদ, সংগঠনের জনবল কার্টামোসহ বিস্তারিত প্রোফাইল এবং সংশ্লিষ্ট বিষয়ে কাজের অভিজ্ঞতার প্রমাণক দাখিল করতে হবে।
- ০৫। প্রকল্প প্রস্তাবসমূহ বাস্তবায়নের জন্য ইউনেস্কো থেকে প্রত্যাশিত অর্থের পরিমাণ হবে সর্বোচ্চ ২৬ (ছাব্বিশ) হাজার মার্কিন ডলার।
- ০৬। মূল ফরমের ১৩ নং ক্রমিকে Method of payment এর ক্ষেত্রে “ব্যাংক হিসাব নম্বর” কলামে অবশ্যই “SA No: 0200001094988, Deputy Secretary General, Bangladesh National Commission for UNESCO, Agrani Bank, National Press Club Branch, Dhaka” লিখতে হবে।
- ০৭। কোন একটি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/প্রতিষ্ঠান/সংঘ সর্বাধিক ২ (দুইটি) প্রকল্প প্রস্তাব দাখিল করতে পারবে।
- ০৮। প্রকল্প বাস্তবায়নের মেয়াদ হবে অনধিক ১ (এক) বছর এবং তা ইউনেস্কো কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে।
- ০৯। সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থাসমূহকে স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে প্রকল্পসমূহ পাঠাতে হবে।
- ১০। নির্ধারিত সময় অর্থাৎ ০৫ ফেব্রুয়ারি ২০২৬, বিকাল ৪টার পরে কোন প্রকল্প প্রস্তাব গ্রহণ করা হবে না।
- ১১। প্রাপ্ত প্রকল্প প্রস্তাবসমূহ থেকে আন্তঃমন্ত্রণালয় কমিটি কর্তৃক বাছাইকৃত সীমিত সংখ্যক প্রকল্প প্রস্তাব ইউনেস্কো সদরদপ্তরে প্রেরণ করা হবে। প্রকল্প প্রস্তাবসমূহ বাছাইয়ের ক্ষেত্রে আন্তঃমন্ত্রণালয় কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ১২। উপর্যুক্ত বিষয়ে অতিরিক্ত কোন তথ্যের জন্য বিএনসিইউ এর প্রোগ্রাম অফিসার, মোঃ নজরুল ইসলাম (ফোন: ০১৭৩২৭৪৩০০৭) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।